বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাউবি/পরীক্ষা/এসএসসি/১১৯/২০০০/

তারিখ : ৩০/০৩/২০১৬

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : এসএসসি পরীক্ষা -২০১৪ এর ফলাফল পুন:নিরীক্ষণ প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা-২০১৪ এর ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। যে সকল শিক্ষার্থী ফলাফল পুন: নিরীক্ষা করাতে ইচ্ছুক তাদেরকে বাউবি'র নির্ধারিত ব্যাংকে প্রতি বিষয়ে পুন:নিরীক্ষণ ফি (৫০০/-) জমা দিয়ে নির্দিষ্ট ফরমে বিষয়ভিত্তিক (একজন শিক্ষার্থীর একাধিক বিষয়ের জন্য পৃথক ফরম ব্যবহার করতে হবে) আবেদন করতে হবে। **পুন:নিরীক্ষার আবেদনপত্র ডাকযোগে অথবা সরাসরি "পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫" বরাবর আগামী ২১/০৪/২০১৬ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। খামের উপরে "এস.এস.সি পরীক্ষা-২০১৪ এর পুনঃনিরীক্ষণের আবেদনপত্র" কথাটি অবশ্যই লিখতে হবে**। নির্ধারিত তারিখের পরে প্রেরিত কোন আবেদন বিবেচনা করা হবে না। পুন:নিরীক্ষণ সংক্রান্ত তথ্যাদি শিক্ষার্থীদের অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং ....
তারিখ ....

(ড. মোঃ আসাদুজ্জামান উকিল)
পরীক্ষা নিয়ন্ত্রক

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩। সিস্টেম ম্যানেজার (পরিচালক), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪। একান্ত সচিব ও যুগ্ম-পরিচালক, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংরক্ষণ নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাউবি/পরীক্ষা/এসএসসি/১১৯/২০০০/৮৭২

তারিখ : ৩০/০৩/২০১৬

প্রাপক :
আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।

বিষয় : এসএসসি পরীক্ষা-২০১৪ এর ফলাফল প্রেরণ প্রসঙ্গে।

জনাব
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা-২০১৪ এর ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। প্রকাশিত ফলাফলের বর্ষভিত্তিক ০১ সেট এবং চূড়ান্ত ফলাফল ০১ সেট আপনার আঞ্চলিক কেন্দ্রে প্রেরণ করা হ'ল।

২। চূড়ান্তভাবে উত্তীর্ণ পরীক্ষার্থীদের জিপিএ (GPA) **bou.ac.bd** এবং ১ম ও ২য় বর্ষের ফলাফল **exam.bou.edu.bd** ঠিকানায় পাওয়া যাবে। এছাড়াও SMS এর মাধ্যমে ফলাফল পাওয়ার জন্য **bou<space>student ID (11digits without any space, *for example 13010811001*)** লিখে বাংলালিংক এ ২৭০০ এবং অন্যান্য অপারেটরে ২৭৭৭ এ SMS পাঠাতে হবে।

৩। হাজিরা সীটে হাতে লিখে পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থী- যাঁদের বিষয়ে আঞ্চলিক কেন্দ্র থেকে ফি জমা হয়নি-মর্মে প্রত্যয়ন করা হয়েছে তাদের ফলাফল প্রকাশ করা হয়নি।

৪। যে সকল শিক্ষার্থী ফি জমা না দিয়ে পরীক্ষায় অবতীর্ণ হয়েছে তাদেরকে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পুনরায় ফি জমাদানপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। যথাসময়ে আঞ্চলিক কেন্দ্রে ফি এর রশিদ জমা দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করেছে-অথচ ফলাফল প্রকাশিত হয়নি এমন শিক্ষার্থীদের অভিযোগপত্র আঞ্চলিক পরিচালকের প্রত্যয়নসহ ২১/০৪/২০১৬ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পৌঁছাতে হবে। উল্লেখিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন বিবেচনা করা হবে না।

উক্ত ফলাফলসহ বর্ণিত তথ্যাদি আপনার আওতাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্রে এবং স্টাডি সেন্টারসমূহে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

৩০/৩/১৬

(ড. মোঃ আসাদুজ্জামান উকিল)
পরীক্ষা নিয়ন্ত্রক

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।
১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩। সিস্টেম ম্যানেজার (পরিচালক), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪। একান্ত সচিব ও যুগ্ম-পরিচালক, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংরক্ষণ নথি।

Gazipur-1705, Bangladesh, Phone: 88 02 9291105

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাউবি/পরীক্ষা/এসএসসি/১১৯/২০০০/ ৮০৮০

তারিখ : ৩০/০৩/২০১৬

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : <u>এসএসসি পরীক্ষা -২০১৪ এর ফলাফল সংক্রান্ত অভিযোগ প্রেরণ প্রসঙ্গে।</u>

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা-২০১৪ এর ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। কোর্স সংক্রান্ত জটিলতা,আই ডি নম্বরের অস্পষ্টতা বা অন্য কোন কারণে পরীক্ষা দেয়া সত্ত্বেও কোন শিক্ষার্থীর ফলাফল প্রকাশ না হয়ে থাকলে তাকে অনলাইনে ফলাফল সংক্রান্ত বিষয়ে অভিযোগ করতে হবে। **এস.এস.সি পরীক্ষা-২০১৪ এর ফলাফলের সমস্যা সংক্রান্ত আবেদন ফরম exam.bou.edu.bd এই ওয়েব ঠিকানায় পাওয়া যাবে। উক্ত ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ২১/০৪/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে উল্লেখিত ওয়েব ঠিকানায় প্রেরণ করতে হবে এবং উক্ত অভিযোগের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে অভিযোগ আই.ডি. ও স্টুডেন্ট আই.ডি. দিয়ে উক্ত ওয়েব সাইটে অভিযোগের উত্তর পাওয়া যাবে। On Line-এ ছাড়া অভিযোগ সংক্রান্ত কোন আবেদনপত্র সরাসরি গ্রহণ করা হবে না।** বর্ণিত বিষয়গুলো সংশ্লিষ্ট সকলকে অবহিত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

(ড. মোঃ আসাদুজ্জামান উকিল)
পরীক্ষা নিয়ন্ত্রক

<u>অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।</u>

১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩। সিস্টেম ম্যানেজার (পরিচালক), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪। একান্ত সচিব ও যুগ্ম-পরিচালক, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংরক্ষণ নথি।

[redacted]

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

বাউবি/পরীক্ষা/এসএসসি/১১৯/২০০০/৫৩৪ তারিখ : ৩০/০৩/২০১৬

প্রাপক :
আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।

বিষয় : এসএসসি পরীক্ষা-২০১৪ এ পুনঃ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের ফি জমাদান প্রসঙ্গে।

জনাব
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা-২০১৪ এর ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। যে সকল শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে তাদের পুনঃ পরীক্ষার ফি জমাদানপূর্বক পুনঃ পরীক্ষার আবেদন গ্রহণ ও তালিকাভুক্ত করে পরীক্ষা বিভাগে প্রেরণ সংক্রান্ত বিষয়ে অনুসরণীয় সূচী নিম্নরূপঃ

(ক)	পুনঃ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের বিলম্ব ফি ছাড়া পুনঃ পরীক্ষার ফি জমাদান পূর্বক নির্ধারিত ফর্মে আবেদন করার সর্বশেষ তারিখ:	২১/০৪/২০১৬
(খ)	পুনঃ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের বিধি মোতাবেক বিলম্ব ফিসহ পুনঃ পরীক্ষার ফি জমাদান পূর্বক নির্ধারিত ফর্মে আবেদন করার সর্বশেষ তারিখ:	০৯/০৫/২০১৬
(গ)	স্টাডি সেন্টার থেকে পুনঃ পরীক্ষার সকল আবেদন তালিকাভুক্ত করে সংশ্লিষ্ট উপ-আঞ্চলিক কেন্দ্র হয়ে আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে পরীক্ষা বিভাগে পৌঁছানোর শেষ তারিখ: **(পরীক্ষা বিভাগে কেবলমাত্র পুন: পরীক্ষার তালিকা প্রেরণ করতে হবে। শিক্ষার্থীদের আবেদন প্রেরণ করার প্রয়োজন নেই)। এছাড়াও পুন: পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের তালিকা পরীক্ষা নিয়ন্ত্রকের ই-মেইল exam.cu@bou.edu.bd ও exam.bou.edu.bd ঠিকানায় প্রেরণ করতে হবে।**	২২/০৫/২০১৬

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর পুনঃ পরীক্ষার কোন আবেদন গ্রহণ করা হবে না। বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

৩০/৩/১৬
(ড. মোঃ আসাদুজ্জামান উকিল)
পরীক্ষা নিয়ন্ত্রক

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।
১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি-নির্ধারিত তারিখের মধ্যে তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।
৩। সিস্টেম ম্যানেজার (পরিচালক), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪। একান্ত সচিব ও যুগ্ম-পরিচালক, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংরক্ষণ নথি।

Gazipur-1705, Bangladesh, Phone: 88 02 9291105